



আরপিসিএল-নরিনকো ইন্টারন্যাশনাল পাওয়ার লিমিটেড
RPCL-NORINCO INTL POWER LIMITED

Corporate Office :

Asian Tower (Floor 9, 10 & 11)
House # 52, Road # 21
Nikunja # 2, Khilkhet, Dhaka-1229.
Phone: +88 0255098012
+88 0255098013, +880255098014
E-mail: rnpltd@gmail.com
Web: www.rnpl.com.bd

স্মারক নং-আরএনপিএল/১৩২০/২০২৪/১৬০৩

তারিখঃ ১২/১২/২০২৪

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

আরপিসিএল-নরিনকো ইন্টারন্যাশনাল পাওয়ার লিমিটেড (আরএনপিএল) কর্তৃক বাস্তবায়নাধীন পটুয়াখালী ১৩২০ (২x৬৬০) মেগাওয়াট কয়লা ভিত্তিক তাপ বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের আওতায় বিদ্যুৎকেন্দ্র থেকে আমতলী ৪০০ কেভি সুইচিং স্টেশন পর্যন্ত ট্রান্সমিশন লাইন নির্মাণ ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে এবং নবনির্মিত আমতলী ৪০০ কেভি সুইচিং স্টেশনটি লাইন ইন এবং আউট ব্যবস্থার মাধ্যমে বিদ্যমান পায়রা-গোপালগঞ্জ ৪০০ কেভি ট্রান্সমিশন লাইনের সাথে সংযুক্ত করা হবে। নবনির্মিত আমতলী ৪০০কেভি সুইচিং স্টেশন এর জন্য ওভারহেড সঞ্চালন লাইনগুলি আগামী ২৩/১২/২০২৪ ইং; সোমবার, দিবাগত রাত ১২:০০ ঘটিকায় চালু করা হবে এবং উক্ত সময় হতে লাইনগুলি সার্বক্ষণিক চালু থাকবে। ৪০০ কেভি ওভারহেড সঞ্চালন লাইনগুলি কলাপাড়া ও আমতলী উপজেলার উপর দিয়ে অতিক্রম করে আমতলী সুইচিং স্টেশনের সাথে সংযুক্ত হয়ে নিরবিচ্ছিন্ন ভাবে ৪০০,০০০ ভোল্টেজে বিদ্যুতায়িত থাকবে।

উল্লেখ্য, সঞ্চালন লাইনটি ৪০০,০০০ ভোল্ট ওভারহেড বিদ্যুৎ সঞ্চালন লাইনের নিচে/পাশে নির্দিষ্ট দূরত্বের মধ্যে নির্মিত সকল প্রকার পূর্ত কর্ম নির্মাণ, সঞ্চালন লাইনের টাওয়ারে আরোহন, গবাদিপশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো, নিকটবর্তী গাছে আরোহন/গাছ কাটা, মাটি ভরাট ও খনন কার্য হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সঙ্গে সকলকে ৪০০ কেভি সঞ্চালন লাইন হতে নিরাপদ দূরত্বে থাকতে অনুরোধ করা যাচ্ছে। উচ্চ ভোল্টেজে বিদ্যুতায়িত উক্ত সঞ্চালন লাইন/টাওয়ারের সংস্পর্শে এসে কেউ দুর্ঘটনার শিকার হলে সেজন্য “পটুয়াখালী ১৩২০(২x৬৬০) মেঃওঃ কয়লা ভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র প্রকল্প” কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

Tofiq
12/12/2024

(মোঃ তৌফিক ইসলাম)

প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী)

পটুয়াখালী ১৩২০ মেঃওঃ কয়লা ভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র প্রকল্প
আরপিসিএল-নরিনকো ইন্টারন্যাশনাল পাওয়ার লিমিটেড